

কোভিড বিশ্বে মা এর পূজা
হিল্লোল রায়

মা এর পূজা দেখেছি এবার অন লাইনে, ভার্চুয়াল
অঞ্জলিটাও নমো নমো, নয় কিন্তু এ্যাকচুয়াল
মনিটর- এই তাকিয়ে দেখি মায়ের হাসি মুখ খানা
তিনি আসছেন সদলবলে, সংগে খাঁটি সোনা দানা
জামা কাপড় ও শাড়ি বাহারে মুখ ঢেকেছে মাস্ক
পুলিশরা সব ডান্ডা নাচায়, এটাই তাদের টাস্ক

সিঁদুর খেলা অন লাইনে, “ ফ্লাইং কিস” এর মতো
আশীর্বাটাও আনবে বয়ে ই-মেল অবিরত!
ধুনুচি নাচ ও নাচন-কোঁদন করলে, পরে মাস্ক
পড়বে খসে মুখের থেকে, বলবে কোভিডঃ “আস্ক”
ভি আই পি দল কাটেন ফিতে, কাঁচি গুলো হয় ভোঁতা
কোভিড ভীতু পূজায় নেতা ভিমরি খাওয়ার হোতা

লক ডাউন এ কুছ পরোয়া, দর্শক হাতাহাতি
মাস্ক না পরে ছেলে-ছোকরা করবে মাতামাতি
করলে প্রয়োগ আইন-কানুন, আম জনতার দল
রাজনৈতিক নেতার সাথে করবে কোলাহল
কাঁদুনি গ্যাস ও জল কামান এ্যাক্কেবারেই অচল
পুলিশ সুপার লালবাজারে ফোনাফুনিতে সচল

“ই-বে” আর “আমাজন” আজ খোলা দিনে ও রাতে
কার্ড নাম্বার ও সিক্রেট কোড চাইছে হাতে নাতে
দুধের স্বাদ মেটাই ঘোলে , মা দর্শন নাই বা পাই
অনলাইন ও ভার্চুয়াল এ্যাক্কেবারেই মাচ্ছেতাই
কোভিড বিশ্বে পূজা বাজেট এ পড়লে টানাটানি
দেবেন টাকা এক জনই, গৌরী সেন-কে জানি
নেই ঝামেলা অনলাইনে, ভার্চুয়াল - ই ভালো
স্পিরিচুয়াল নাই বা হলেও ঘুঁচবে মনের কালো

“Milestone”

July 22, 2022

© Copyright July 22, 2022 by Hillol Ray